দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 29 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 5

188 / 216

030

# কুমিল্লা বোর্ডের প্রশ্ন ফাঁস হয়ে যাওয়া বিজ্ঞান পরীক্ষা ৬ এপ্রিল

কুমিল্লা, ২৮ মার্চ (নিজস্ব সংবাদদাতার ফোন)। কুমিল্লা শিক্ষা বোর্ডের ১৯৮৯ সালের চলতি এসএসসি পরীক্ষার স্থগিত হয়ে যাওয়া গত ২৭ মার্চের বিজ্ঞান ২য় পত্রের পরীক্ষা আগামী ৬ এপ্রিল সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ফেনী সরকারী পাইলট হাই স্কুল কেন্দ্রে ঐ

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## কুমিল্লা বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

দিন বিজ্ঞান পরীক্ষার প্রথমপত্রের স্থলে দ্বিতীয়পত্রের প্রশ্ন সরবরাহ করা হয় এবং প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়। পরে কর্তৃপক্ষ ঐ পত্রের পরীক্ষা স্থগিত ঘোষণা করেন। বোর্ডের পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী আগামী ৩ এপ্রিল পরীক্ষা শেষ হওয়ার কথা থাকলেও উল্লেখিত কারণে তা আগামী ৬ এপ্রিল শেষ হবে। ফলে কেন্দ্র এলাকার বাইরে থেকে আগত পরীক্ষার্থীদেরকে অর্থ ব্যয়ের ঝুঁকি নিয়ে আরও ৩ দিন থাকতে হচ্ছে।